



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৪২/ ১১৭/৪

তারিখ: ২২, অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০৭, ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৫৭/২০২০ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে


সূত্র: ১। জনাব মোঃ মহি উদ্দিন (বরখাস্তকৃত সুপার) এর দরখাস্ত তাং ১৩/১১/২০১৮ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৫৭/২০২০;
৩। নং-বামাশিবো/প্রশাসন/সুনাম-৪২/৮৫/৫; তারিখ: ১৮/১০/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলাধীন বাদাঘাট রহমানিয়া আওয়ামী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ মহিউদ্দিন (বরখাস্তকৃত সুপার) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৫৭/২০২০ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ২৮.১০.২০২০খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মোঃ মহিউদ্দিন (বরখাস্তকৃত সুপার), ভারপ্রাপ্ত সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ রাখাব উদ্দিন, ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ তাজুল ইসলাম এবং বরখাস্তকৃত সুপার জনাব মোঃ মহিউদ্দিন বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ মহিউদ্দিন (বরখাস্তকৃত সুপার) এর চূড়ান্ত বরখাস্তের বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ৪১(২)(ঘ)(২) ধারা অনুসরণ করা হয়নি বিধায় চূড়ান্ত বরখাস্তকরণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ মহিউদ্দিন (বরখাস্তকৃত সুপার)-কে বিধি মোতাবেক স্ব পদে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০৬.১২.২০২০
(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ


১. সভাপতি, বাদাঘাট রহমানিয়া আওয়ামী দাখিল মাদ্রাসা, তাহিরপুর, সুনামগঞ্জ;
২. ভারপ্রাপ্ত সুপার, বাদাঘাট রহমানিয়া আওয়ামী দাখিল মাদ্রাসা, তাহিরপুর, সুনামগঞ্জ;
৩. জনাব মোঃ মহিউদ্দিন, সুপার, বাদাঘাট রহমানিয়া আওয়ামী দাখিল মাদ্রাসা, তাহিরপুর, সুনামগঞ্জ;

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৪২/ ১১৭/৪

তারিখ: ২২, অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০৭, ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সূত্র অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ;
৪. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ;
৫. উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


৬/১২/২০২০
(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd